দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14 SEP 1994

পৃষ্ঠা ৮ কলাম ৩

34

# সাড়ে ৩ বছরে ১২টি কলেজ ৩টি হাই স্কুল ও একটি গার্লস স্কুল সরকারীকরণ

সংসদ রিপোর্টার ॥ দেশের প্রত্যেক থানায় একটি করে কলেজ, হাই স্কুল ও গার্লস স্কুল সরকারীকরণের ব্যাপারে বর্তমান সরকারের ঘোষণা থাকলেও গত সাড়ে তিন বছরে সারা দেশে ১২টি কলেজ, তিনটি হাই স্কুল এবং একটি মাত্র গার্লস স্কুল সরকারীকরণ করা হয়েছে। সোমবার জাতীয় সংসদে শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এই তথ্য জানিয়েছেন।

প্রশ্নোত্তর পর্বে শেখ আনসার আলীর এক লিখিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ১২টি কলেজের মধ্যে দু'টি খুলনা, দু'টি ঝিনাইদহ এবং বাকিগুলো নারায়ণগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, ফেনী খাগড়াছড়ি, বগুড়া ও মেহেরপুর জেলায়। তিনটি হাইস্কুলের দু'টি ময়মনসিংহ এবং একটি নেত্রকোনা জেলায়। একটি মাত্র গার্লস স্কুল টাঙ্গাইলে। সবগুলো প্রতিষ্ঠানই সরকারীকরণ করা হয়েছে '৯২ সালের জুলাই মাসের মধ্যে।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী জাতীয় সংসদে একাধিকবার ঘোষণা করেছেন, দেশের প্রতিটি থানায় একটি কলেজ, একটি হাই স্কুল এবং একটি গার্লস স্কুল সরকারীকরণ করা হবে। সে অনুযায়ী প্রধানমন্ত্রীসহ মন্ত্রীরা দেশের প্রায় সব ক'টি থানায়ই স্কুল-কলেজ সরকারীকরণের ঘোষণা দিয়ে এসেছেন। কিন্তু '৯২ সালের জুলাই মাসের পর টাঙ্গাইলে একটি গার্লস স্কুল ছাড়া আর কোন শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণ করা হয়নি।

এ্যাডভোকেট খায়রুল এনামের এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী অধ্যাপক এম এ মান্নান সংসদকে জানান, দেশে বর্তমানে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো সরকারী করণের কোন পরিকল্পনা সরকারের নেই। বর্তমানে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৭ হাজার ৭১০টি এবং রেজিস্ট্রেশনপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৩ হাজার ৩৪৪টি।